# ৬ মাসে সব ক্ষেত্রেই ব্যর্থ বিএনপি সরকার: ইসলামী আন্দোলন



গাজী আতাউর রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীসহ দেশের বিভিন্ন অঞ্চলের মানুষ জ্বালানি, বিদ্যুৎ ও পানির সংকটের পাশাপাশি মূল্যস্ফীতির চাপে দিশেহারা হয়ে পড়েছে বলে অভিযোগ করেছেন ইসলামী আন্দোলনের মহাসচিব গাজী আতাউর রহমান। তিনি দাবি করেন, শুধু জ্বালানি সংকট মোকাবিলায় নয়, ক্ষমতায় আসার ছয় মাসে প্রায় সব ক্ষেত্রেই ব্যর্থতার পরিচয় দিয়েছে বিএনপি সরকার।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) রাজধানীর জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের উত্তর গেটে জ্বালানি সংকট ও মূল্যস্ফীতির প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ মিছিলের আগে এক সমাবেশে তিনি এসব কথা বলেন।

গাজী আতাউর রহমান বলেন, সরকার জ্বালানি সংকটের সমাধান করতে পারেনি, একই সঙ্গে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতিরও উন্নতি হয়নি। এসব সংকটের কারণে দেশের অর্থনীতিও ক্ষতির মুখে পড়ছে বলে মন্তব্য করেন তিনি।

রাষ্ট্র সংস্কারের প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতায় আসার পরও বিএনপি সরকার আগের সরকারের পথেই হাঁটছে বলে অভিযোগ করেন ইসলামী আন্দোলনের মহাসচিব। তার দাবি, প্রশাসন ও রাষ্ট্রীয় বিভিন্ন ক্ষেত্রে দলীয়করণের মাধ্যমে সরকার দেশকে একটি উদ্বেগজনক পরিস্থিতির দিকে নিয়ে যাচ্ছে।

এ সময় তিনি সরকারের প্রতি জুলাই সনদ এবং গণভোটের রায় বাস্তবায়নের আহ্বান জানান।

জ্বালানি সংকট ও মূল্যস্ফীতির প্রতিবাদে আগামী শুক্রবার দেশের সব মহানগর এলাকায় বিক্ষোভ মিছিল কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে ইসলামী আন্দোলন। সমাবেশ শেষে বিক্ষোভ মিছিলটি পল্টন মোড় হয়ে বিজয়নগরে গিয়ে শেষ হয়।